**Times Today BD**

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 22 April, 2025

গাজীপুরর গাছা থানায় দায়ের করা তিনটি হত্যা মামলার সাবেক মন্ত্রী দীপু মনি, সাধন চন্দ্র মজুমদার, কামরুল ইসলাম ও প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলকসহ  ছয়জনকে গ্রেপ্তার দেখানো হয়েছে।

মঙ্গলবার সকালে গাজীপুর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত ৩ এ হাজির করা হলে আদালতের বিচারক ওমর হায়দার তাদের এসব মামলায় গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানোর আদেশ দেন।

আদালত সূত্রে জানা গেছে, বৈষম্য বিরোধী ছাত্র জনতার অভ্যুত্থানের সময় গাজীপুরের গাছা এলাকায় ৬ জন নিহত হন।এ ঘটনায় গাছা থানায় আলাদা তিনটি হত্যা মামলা দায়ের করা হয়।সাবেক মন্ত্রী ডাক্তার দিপু মনি, জুনায়েদ আহমেদ পলক, এডভোকেট কামরুল ইসলাম, সাধন চন্দ্র মজুমদার, সাবেক সেনা কর্মকর্তা মেজর জেনারেল জিয়াউল আহসান, এক্সিম ব্যাংকের সাবেক চেয়ারম্যান নজরুল ইসলাম,

গাজীপুর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত ৩ এর বিচারক ওমর হায়দার তাদের শ্যূন এরেষ্ট দেখিয়ে কারাগারে পাঠানোর আদেশ দেন।

জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সভাপতি অ্যাডভোকেট শহীদুজ্জামান বলেন, ৬ জনকে আদালতে হাজির করা হয়েছে। আদালতের বিচারক তাদের ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন।আমরা শেখ হাসিনা সহ ফ্যাসিস্ট সরকারের দোসরদের

বিচার চাই।

আইনজীবী গাজীপুর হত্যা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: https://www.timestodaybd.com/national/327931232